## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০০৬-২০০৭

### বাংলা

০১. কোন বাক্যে সকর্মক ক্রিয়ায় অকর্মক রূপ আছে?
ক. যে চোখে দেখে না খ. সে চাঁদ দেখে
গ. আমি ভাত খাব ঘ. তাকে আমার ভয় করে

ব্যাখ্যাঃ ক্রিয়াকে "কী বা কাকে" দ্বারা প্রশ্ন করলে উত্তর পাওয়া গেলে তাই সকর্মক ক্রিয়া। অন্যদিকে যদি উত্তর পাওয়া না যায় তবে তা অকর্মক ক্রিয়া। আবার, প্রয়োগ- বৈশিষ্ট্যে সকর্মক ক্রিয়াও অকর্মক হতে পারে। যেমন-

| অকর্মক | সকর্মক |
|---|---|
| সে চোখে দেখে না। | আকাশে চাঁদ দেখি না। |
| আমি রাতে খাব না। | আমি রাতে ভাত খাব না। |

"কী বা কাকে" দ্বারা প্রশ্ন করলে অধিকাংশ ক্ষেত্রে সকর্মক ও অকর্মক ক্রিয়া নির্ধারণ করা যায়।
সঠিক উত্তর : ক.

০২. সঠিক বিপরীত শব্দজোড়া-
ক. ইষ্ট - শিষ্ট খ. ক্ষিপ্র - দীপ্র
গ. আগ্রহ - নিগ্রহ ঘ. সঞ্চয় - অপচয়

ব্যাখ্যাঃ শুদ্ধরূপঃ শিষ্ট - অশিষ্ট; আগ্রহ - অনাগ্রহ; ক্ষিপ্র - ধীর
সঠিক উত্তর : ঘ.

০৩. 'He is out for your blood.'- বাক্যটির যথাযথ বাংলা অনুবাদ
ক. সে তোমার জন্য রক্ত খুঁজছে খ. সে তোমাকে খুন করবে
গ. সে তোমার রক্তের জন্য বেরিয়েছে ঘ. সে তোমাকে আক্রমণ করতে কৃতসংকল্প

ব্যাখ্যাঃ He is out for your blood - সে আমাকে আক্রমণ করতে কৃতসংকল্প।
He was at his wits end - সে বুদ্ধির শেষ প্রান্তে পৌছালো।
The man is off his hand - লোকটির মাথা খারাপ হয়েছে।
Wishes never fill the beg - শুধু কথায় পেট ভরে না।
I am an eyesore to him - আমি তার চক্ষুশুল।
সঠিক উত্তর : ঘ.

০৪. 'নগদ নারায়ণ' বাগধারাটির অর্থ-
ক. কাঁচা টাকা খ. তাৎক্ষণিকভাবে প্রদেয় পারিশ্রমিক
গ. গলাধাক্কা ঘ. সাক্ষাৎ ভগবান

সঠিক উত্তর : খ.

০৫. 'মশকরা' ও মশগুল' শব্দ দুটো-
ক. তুর্কি খ. হিন্দি গ. ফারসি ঘ. আরবি

ব্যাখ্যাঃ বিস্তারিত : ঢাবি (২০০৮-২০০৯) এর (১৬) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

০৬. 'গরীবকে কম্বল দিয়ে ঠাণ্ডায় বাঁচাও।' বাক্যটির 'ঠাণ্ডায়' শব্দের কারক-বিভক্তি
ক. কর্মে সপ্তমী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী

ব্যাখ্যাঃ "ঠাণ্ডায়" পদটি দ্বারা মূলত বোঝানো হচ্ছে - ঠাণ্ডা হইতে। ক্রিয়াকে "কিসের থেকে" দ্বারা প্রশ্ন করলে উত্তর পাওয়া গেলে তা অপাদান কারক।
বিস্তারিত : ঢাবি (২০১০-২০১১) এর (১৭) নং দেখ।
সঠিক উত্তর : গ.

০৭. উপসর্গযুক্ত শব্দ-
ক. কয়েক খ. তিলেক গ. বারেক ঘ. হরেক

ব্যাখ্যাঃ "হর" একটি উর্দু - হিন্দি উপসর্গ। "হর" এর সাথে "এক" যুক্ত হয়ে "হরেক" শব্দটি গঠিত হয়েছে।
সঠিক উত্তর : ঘ.

০৮. বহুবচনজ্ঞাপক শব্দবিভক্তি-
ক. গাছ খ. গাছা গ. গজ ঘ. গাছি

সঠিক উত্তর : খ.

০৯. 'অন্ধের আবার কি দিন কি রাত।' -এ বাক্যে 'কি'-
ক. অব্যয় খ. সর্বনাম গ. বিশেষ্য ঘ. বিশেষণ

সঠিক উত্তর : ক.

১০. 'anonymous' এর বাংলা-
ক. অনামা খ. অজ্ঞাত গ. এলামেলো ঘ. রাগান্বিত

ব্যাখ্যাঃ Anonymous-নামহীন, অনামা
Fiscal - আর্থিক
Surplus - উদ্বৃত্ত
Deed - দলিল
Auditor - নিরীক্ষক
Refund - ফেরত
সঠিক উত্তর : ক.

১১. 'কী সহজে হয়ে গেল বলা, কাঁপলো না গলা এতটুকু,' কোন কথা বলা হল?
ক. কোনো শহীদের কথা খ. পুত্রের মৃত্যুসংবাদ
গ. মুক্তিযুদ্ধের রোমহর্ষক কাহিনী ঘ. একটি হত্যাকাণ্ডের বৃত্তান্ত

ব্যাখ্যাঃ বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

১২. 'কবর' কবিতাটি প্রবেশিকা বাংলা সংকলনে অন্তর্ভুক্ত হয়েছিল-
ক. কবিতাটি লেখার পর - পরই খ. প্রসন্ন গোয়ালিনী
গ. কবিতাটি ব্যাপক জনপ্রিয়তা লাভের পর ঘ. কবি ছাত্র থাকা অবস্থায়

ব্যাখ্যাঃ বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ঘ.

১৩. 'অনন্তকাল ধরে যদি এমনি চলতে পারতাম আমরা।' উক্তিটি কোন গল্পের?
ক. বিলাসী খ. অর্ধাঙ্গী
গ. একুশের গল্প ঘ. একটি তুলসী গাছের কাহিনী

ব্যাখ্যাঃ বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

১৪. 'জীবন-বন্দনা' কবিতায় শেষ বন্দিত মানুষ-
ক. মেরু-অভিযাত্রী খ. শ্রমিক গ. বিপ্লবী ঘ. অসংযমী

ব্যাখ্যাঃ বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ঘ.

১৫. 'সোনার তরী' কবিতায় 'সোনার ধান' কথাটি ব্যবহৃত হয়েছে-
ক. চারবার খ. তিনবার গ. দু-বার ঘ. একবার

ব্যাখ্যাঃ 'সোনার তরী' কবিতার চরণদ্বয়-
"আমার সোনার ধান কূলেতে এসে।"
"আমারি সোনার ধানে গিয়েছে ভরি।"
সঠিক উত্তর : গ.

১৬. 'মন্দকে মন্দ বলতেই হবে।' এ বাক্যের দুই 'মন্দ'
ক. প্রথমটি বিশেষণ দ্বিতীয়টি বিশেষ্য খ. বিশেষণ
গ. প্রথমটি বিশেষ্য দ্বিতীয়টি বিশেষণ ঘ. বিশেষ্য

ব্যাখ্যাঃ একই পদে "বিশেষ্য ও বিশেষণ" রূপে ব্যবহার-
নিশীথ : বিশেষণ রূপে - নিশীথ রাতে বাজছে বাঁশী।
বিশেষ্য রূপে - গভীর নিশীথে প্রকৃতি সুপ্ত।
মন্দঃ বিশেষণ রূপে - মন্দ কথা বলতে নেই।
বিশেষ্য রূপে - এখানে কী মন্দটা তুমি দেখলে?
সত্যঃ বিশেষণ রূপে - সত্য পথে থেকে সত্য কথা বল
বিশেষ্য রূপে - এ এক বিরাট সত্য
সঠিক উত্তর : গ.

১৭. 'অতপর তিনি উপস্থিত হয়ে এতদসংক্রান্ত বিবরণ উপস্থিত জনতাদের অবহিত করতে সচেষ্ট হইলে তারা মারমুখি হইয়া উঠল।' সাধুভাষার বাক্যটিতে ভুলের সংখ্যা-
ক. পাঁচ খ. ছয় গ. সাত ঘ. আট

ব্যাখ্যাঃ উপরোক্ত বাক্যে সাতটি ভুল রয়েছে। শুদ্ধ রূপ- অতঃপর; হইয়া, বিবরণ, করিতে, তাহারা, মারমুখী, উঠিল।
সঠিক উত্তর : খ.

১৮. 'যে নেতা দেশের মঙ্গল বোঝেন না, তিনি নিজের কল্যাণ অনুধাবনেও ব্যর্থ।' বাক্যটি-
ক. জটিল খ. যৌগিক গ. সরল ঘ. খণ্ড

ব্যাখ্যাঃ বিস্তারিত : ঢাবি (২০১২-২০১৩) এর (১৪) নং দেখ।
সঠিক উত্তর : ক.

১৯. নিচের কোনটির সন্ধিবিচ্ছেদ সঠিকভাবে হয় নি?
ক. ষষ্ + থ = ষষ্ঠ খ. যথা + ইষ্ট = যথেষ্ট
গ. শরৎ + চন্দ্র = শরচ্চন্দ্র ঘ. মৃত্যু + জয় = মৃত্যুঞ্জয়

সঠিক উত্তর : ঘ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২০. 'পরকে প্রতিপালন করে যে' এক কথায় হবে-
ক. পরভৃত খ. পরভৃৎ গ. প্রতিপালক ঘ. প্রতিপোষক

ব্যাখ্যা: পরভৃত (কোকিল) = পরের দ্বারা প্রতিপালিত যে
পরভৃৎ (কাক) = পরকে প্রতিপালন করে যে
সঠিক উত্তর : খ.

২১. দন্তমূলের শেষাংশ ও জিহ্বার সহযোগে সৃষ্ট ধ্বনি-
ক. ঘ খ. ঝ গ. ঢ ঘ. ভ

ব্যাখ্যা:

| উচ্চরন স্থান | ব্যঞ্জন ধ্বনির বর্ণসমূহ | উচ্চারণ স্থান অনুযায়ী নাম |
|---|---|---|
| জিহ্বামূল | ক,খ,গ,ঘ,ঙ | কণ্ঠ্য বা জিহ্বামূলীয় বর্ণ |
| অগ্রতালু | চ,ছ,জ,ঝ,ঞ,শ,য,য় | তালব্য বর্ণ |
| পশ্চাৎ দন্তমূল | ট,ঠ,ড,ঢ,ণ,ষ,র,ড়,ঢ় | মূধণ্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ |
| অগ্র দন্তমূল | ত,থ,দ,ধ,ন,ল,স | দন্ত্য বর্ণ |
| ওষ্ঠ | প,ফ,ব,ভ,ম | ওষ্ঠ্য বর্ণ |

সঠিক উত্তর : গ.

২২. 'তোগলোক খাঁ'র উল্লেখ আছে যে রচনায়-
ক. সৌদামিনী মালো খ. বিলাসী
গ. একটি তুলসী গাছের কাহিনী ঘ. যৌবনের গান

ব্যাখ্যা: 'বিলাসী' গল্পের উদ্ধৃতি-
"কাজেই একজামিনের সময় এডেন কী জিজ্ঞাসা করিলে বলি পারশিয়ার বন্দর, হুমায়ুনের বাপের নাম জানিতে চাহিলে লিখিয়া দিয়া আসি তোগলক খাঁ..."
সঠিক উত্তর : খ.

২৩. 'শকুন্তলা' রচনায় উল্লিখিত সোমতীর্থের অন্য নাম-
ক. প্রসাব খ. নিবাস গ. প্রভাস ঘ. বিভাস

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

২৪. 'জাঙ্গাল' এর প্রতিশব্দ-
ক. স্তূপ খ. আবর্জনা গ. বাঁধ ঘ. জঙ্গল

ব্যাখ্যা: জাঙ্গল- সেতু, বাঁধ
সঠিক উত্তর : গ.

২৫. শুদ্ধ বানান কোনটি?
ক. কনীনিকা খ. কনিনীকা গ. কনিনিকা ঘ. কর্নিনিকা

ব্যাখ্যা: শুদ্ধরূপ - কনীনিকা = চোখের তারা
সঠিক উত্তর : ক.

## English

***Read the following passage and then answer Q. 1-5***

Men ate notoriously insensitive to the emotional world around them. At least, that is the impression circulated by a thousand women's magazines. And a study by two researchers at the University of Melbourne, in Australia, confirms that men are less sensitive to emotion than women, with one important and suggestive exception. Men are extremely sensitive to the anger of other men.

**01. The most suitable title for this passage would be:**
A. Women's Magazines and Men
B. Men and Women Relationships
C. Anger and Men
D. Recent Research on Human Emotions

ব্যাখ্যা: Passage এর শুরুতে বলা আছে, আবেগের জগতে পুরুষেরা তাদের সংবেদনহীনতার জন্য প্রসিদ্ধ। কিন্তু শেষ লাইনে বলা আছে। "পুরুষেরা অন্য পুরুষের সাথে রাগের ক্ষেত্রে অতি মাত্রায় সংবেদনশীল"
অর্থাৎ Passage এর শুরুতে Men sensitive নিয়ে কথা বলা হয়েছে। এবং শেষ দিকে রাগের ক্ষেত্রে পুরুষের sensitive নিয়ে বলা হয়েছে। তাই অপশন (C) ই সবচেয়ে বেশি খাটে।
Ans : C.

**02. 'Notoriously' is used as:**
A. an adverb B. a noun C. an adjective D. a gerund

ব্যাখ্যা: Passage এ বলা হয়েছে 'notoriously insensitive'. Adverb শুধুমাত্র noun এবং Pronoun ছাড়া বাকী সবকিছু কেই modify করে। এখানে "Insensitive" adjective হওয়ায় Adverb হিসেবে "notoriously" ব্যবহৃত হয়েছে।
Ans : A.

**03. The passage suggests that:**
A. In general, men are more sensitive than women
B. In general, women are more sensitive than men
C. Men and women are equally sensitive
D. Men are never as sensitive as women

ব্যাখ্যা: Passage এ দেওয়া আছে, Confirms that men are, less sensitive to emotion than women." তাই উত্তর হবে (B)
Ans : B.

**04. A 'suggestive exception' is one that is:**
A. exceptional B. extreme
C. thought-provoking D. puzzling

ব্যাখ্যা: Suggestive exception মূলত ব্যতিক্রমতার দিকেই ইঙ্গিত করে। তাই অন্যান্য অপশন গুলোর চাইতে অপশন (A) ই বেশী খাটে।
Ans : A.

**05. Which meaning of 'extremely' is most appropriate here?**
A. unreasonably B. unacceptably
C very D. severely

ব্যাখ্যা: Extremely - চরম।
Very - অত্যন্ত/খুব।
Unreasonably - অযৌক্তিকভাবে।
Unacceptably - অগ্রহণযোগ্যভাবে।
Severely - গুরুতরভাবে।
যদিও Extremely এর অর্থ very এবং severely দুটোই হয়, এখানে very নেওয়া শ্রেয়।
Ans : C.

**06. The girl take ___ her mother**
A. with B. after
C. to D. for

ব্যাখ্যা: Take after - সদৃশ হওয়া/মিল হওয়া; Take away - সরিয়ে নেয়া
Take down - লেখা; Take for - মনে করা
Take over - গ্রহন করা; Take to - অভ্যাস করা।
Take off - খুলে ফেলা, অনুকরণ করা, তুলে নেয়া
বালিকাটি দেখতে তার মায়ের মত। এই অর্থে fill in the gaps এ take after হবে।
Ans : B.

**07. He has been entrusted ___ new responsibilities.**
A. with B. for
C. to D. at

ব্যাখ্যা: Entrusted - এর পরে Preposition to/with হয়।
Entrusted to - কারো প্রতি আস্তা রাখা। Entrusted with - কোন কিছুর উপর আস্তা রাখা।
Ans : A.

**08. As soon as he became rich he cast___his old friends**
A. aside B. off
C. down D. upon

ব্যাখ্যা: Cast (sb) aside - পরিত্যাগ করা
Cast (sth) off - পরিত্যাগ করা
এখানে Cast aside দ্বারা কাউকে পরিত্যাগ করা বোঝায়, অন্যদিকে Cast off দ্বারা কোন কিছুকে পরিত্যাগ করা বোঝায়।
Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**09. The thief who broke into our house was - by our pet dog.**
A. bited B. biten
C. bitten D. bitted

ব্যাখ্যাঃ Sentence টি Passive form এ আছে, তাই fill in the gaps এ Past Participle form বসবে।

| Present | Past | Past Participle |
|---|---|---|
| bite | bit | bitten, bit |

তাই fill in the gaps এ bitten হবে।
**Ans : C.**

**10. When I finally arrived at the party at 10 pm, Mita was annoyed with me because I was late and she ____ for a very long time.**
A. had been waiting B. waited
C. is waiting D. has waiting

ব্যাখ্যাঃ এখানে past perfect continuous tense হবে।
**Ans : A.**

**11. 'To meet one's Waterloo' means-**
A. to die fighting
B. to meet one's final defeat
C. to meet a strong adversary
D. to fulfill a strong desire

ব্যাখ্যাঃ To meet one's waterloo-শেষ প্রতিযোগিতায় সম্মুখীন হওয়া।
**Ans : B.**

**12. He visits us now and again. Here 'now and again' stands for**
A. every day B. occasionally
C. many times D. often

ব্যাখ্যাঃ Now and then - মাঝে মধ্যে Occasionally - মাঝে মাঝে
Many times - অনেকবার Often - প্রায়শ
**Ans : B.**

**13. Which is the best translation of the sentence- সে অত্যন্ত ধূর্ত মানুষ**
A. He is extremely intelligent man
B. He is a very clever man
C. He is an extremely deceitful man
D. He is a very shrewd man

ব্যাখ্যাঃ Intelligent - বুদ্ধিমান, মেধাবী
Deceitful - কপট, প্রতারনামূলক
Clever - চালক
Shrewd - চতুর, ধূর্ত
Shrewd আর Clever শব্দ দুটি পরস্পর Synonym, কিন্তু Shrewd, Clever এর উপরের level, তাই অত্যন্ত ধূর্ত বোঝাতে Shrewd ই বেশী খাটে।
**Ans : D.**

**14. The correct antonym of the word 'ominous' is**
A. auspicious B. portent
C. unlucky D. spacious

ব্যাখ্যাঃ Ominous - অশুভ
**Synonym :** Apocalyptic, Threatering, Forbidding, Doomful.
**Antonym :** Auspicious, Light, Sunny.
**Ans : A.**

**15. The captain ____ had a score of 30.**
A. Joy and me B. Joy and myself
C. joy and I D. Joy and us

ব্যাখ্যাঃ বিস্তারিতঃ ঢাবি (২০০৮-২০০৯) এর (০৫) নং দেখ।
এখানে Pronoun এর Subjective রূপ হবে।
**Ans : C.**

**16. He hopes to provide ____ service.**
A. uninterrupted B. interrupt
C. uninterrupting D. un-interrupted

ব্যাখ্যাঃ "কেমন Service" তা বোঝাতে, এখানে Service কে modify করার জন্য adjective ব্যবহার করতে হবে, তাই fill in the gaps এ Uninterrupted হবে।
Uninterrupted এর অর্থ নিরবিচ্ছিন্ন। তখন Sentence টির অর্থ দাড়ায়, সে নিরবিচ্ছিন্ন সেবা প্রদানের আশা করছে।
**Ans : A.**

**17. It ____ five days since he ____ missing.**
A. was, has been B. was, was
C. has been, went D. has been, is

ব্যাখ্যাঃ "পাঁচ দিন হল সে হারিয়ে গেছে" এ ধরনের Sentence এ tense নির্ণয়ের ক্ষেত্রে Sequence বজায় রাখলেই উত্তর নির্ণয় করা সহজ। এ ক্ষেত্রে, আগে হারিয়ে গেছে, তারপর পাঁচ দিন অতিবাহিত হয়েছে, তাই হারিয়ে গেছে past tense এবং পাঁচদিন অতিবাহিত হয়েছে Present Perfect হবে। একমাত্র অপশন (C) তে ই সঠিক serial দেয়া আছে। was, had been থাকলেও উত্তর সঠিক হত, কেননা এক্ষেত্রেও tense এর Sequence ঠিক রাখা হয়েছে।
**Ans : C.**

**18. Choose the right option: I ____ twenty kilometers to work every day.**
A. make B. do C. commute D. go

ব্যাখ্যাঃ Go অর্থ যাওয়া; অন্যদিকে, Commute - অর্থ যাওয়া আসা করা বা যাতায়াত করা।
তাই fill in the gaps এ Commute ই হবে।
**Ans : C.**

**19. ____ sixteen years I lived with a lie.**
A. After B. Before C. For D. Since

ব্যাখ্যাঃ মোট সময় এর আগে Preposition হিসেবে for বসে।
**Ans : C.**

**20. The correct spelling is:**
A. Consciense B. Conscence
C. Concience D. Conscience

ব্যাখ্যাঃ বিস্তারিত : ঢাবি (২০১২ - ২০১৩) এর (০৪) নং দেখ।
Consience - বিবেক।
**Ans : D.**

**21. Identify the incorrect part of the sentence:**
She would <u>much rather</u> (A) <u>to exercise</u> (B) <u>moderately</u> (C) <u>than strenuously.</u> (D)

ব্যাখ্যাঃ Option (B) ভুল, কারণ এখানে Verb এর base form হবে। অর্থাৎ To exercise এর জায়গায় exercise হবে।
**Ans : B.**

**22. Choose the correct sentence:**
A. Can they tell you what time does the movie start?
B. Can they say you what time the movie starts?
C. Can they tell you when time the movie starts?
D. Can they tell you what time the movie starts?

ব্যাখ্যাঃ এক্ষেত্রে embedded question এর rule হবে, structure টি নিম্নরূপ -
auxiliary + subject + verb + question word + subject + verb
**Example :** Could you tell me what time it is.
অনুরূপভাবে - Can they tell you what time the movie starts.
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**23. If I found lost dog, I ___ it to its owner.**
A. would return B. will return
C. will returning D. will have returned

ব্যাখ্যা: **Conditional sentence** প্রধানত তিন প্রকার:-
**1st Conditional :** If + present Tense + will/can/may + verb (base)
**Ex :** If Mita comes, I will go.
তবে এক্ষেত্রে ব্যতিক্রম হল, যদি কোন Habitual fact, Universal Truth বোঝায়, সেক্ষেত্রে If + sub+simple present হবে।
**Ex :** If I drink coffee, I get a headache.
**2nd Conditional :** If + past + would/could/ might + v (base)
**Ex :** If she ate sweets, she would lose weight.
ব্যতিক্রম হল 2nd conditional এ be verb এর ক্ষেত্রে কখনও was বসেনা। সব ধরনের person এর সাথে were বসে।
**Ex :** If I were a bird, I would fly in the sky.
**3rd Conditional :**
If + past perfect + would have/ could have/might have+ Verb (p.p)
**Ex :** If I had known you were comming, I would have gone to the station.
If ছাড়াও conditional sentence গঠিত হতে পারে, এক্ষেত্রে If যুক্ত অংশ question order এ পরিণত হয়ে যায়, অর্থাৎ আগে verb এবং এর পরে subject বসে, এতে অর্থের কোন পরিবর্তন হবে না।
**Ex :** Had he known anything, he would have told me. উপরোক্ত প্রশ্নটি Second Conditional এর উদাহরণ, তাই Would return হবে।
**Ans : A.**

**24. Burrowing animals provide paths for water in soil, an so do the roots of plants-**
A. decaying they dying B. when they die and decay
C. they die and decay D. when they will die and decay

ব্যাখ্যা: গর্তবাসী (Burrowing) প্রাণীরা ভূগর্ভে পানি প্রবেশের পথ করে দেয় এবং গাছের শিকড়গুলোও তাই করে যখন তারা মারা যায় এবং ক্ষয়ঃ প্রাপ্ত হয়। অর্থ বুঝলে উত্তর দেওয়া সহজ হবে। যেহেতু এটি একটি স্বাভাবিক ঘটনা তাই Present indefinite tense হবে। আর "যখন" বোঝাতে 'When' ব্যবহার হবে তাই (C) বাদ।
**Ans : B.**

**25. Not Until a student has mastered algebra, ____the principles of geometry, trigonometry and physics.**
A. he can begin to understand
B. can he begin to understand
C. he begins to understand
D. begins to understand

**Ans : B.**

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
শতভাগ ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
◆ ঢাবি (সকল ইউনিট) ◆ জাবি (সকল ইউনিট)
◆ চবি (সকল ইউনিট) ◆ রাবি (সকল ইউনিট)

## সাধারণ জ্ঞান

### বাংলাদেশ বিষয়াবলি

**০১. মহাস্থানগড় কোন বংশের প্রত্নতাত্ত্বিক নিদর্শন?**
ক. মৌর্য বংশ খ. পাল বংশ গ. সেন বংশ ঘ. গুপ্ত বংশ

ব্যাখ্যা: • বাংলাদেশের সর্বপ্রাচীন ও সর্ববৃহৎ নগর - পুণ্ড্রনগর।
• ১৮৭৯ সালে স্যার আলেকজান্ডার কানিংহাম প্রাচীন পুণ্ড্রনগর আবিষ্কার করেন।
• বর্তমান নাম মহাস্থানগড়।
• বগুড়া জেলার করোতোয়া নদীর তীরে অবস্থিত।
• প্রাচীন মৌর্য বংশের রাজধানী ছিল মহাস্থানগড়।
সঠিক উত্তর : ক.

**০২. ছয়-দফা কর্মসূচী ঘোষণা করেন-**
ক. মাওলানা ভাসানী খ. কমরেড মুজফ্ফর আহমদ
গ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘ. হোসেন শহীদ সোহরাওয়ার্দি

ব্যাখ্যা: • সিমলা প্রস্তাবের ভিত্তিতে ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারী শেখ মুজিবুর রহমান লাহোরের এক সম্মেলন ছয় দফা প্রস্তাব করেন।
• পরবর্তী ২৩ মার্চ, ১৯৬৬ লাহোরের এক সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে ঘোষণা দেন।
• ছয় দফার ১ম দফা ছিল- প্রাদেশিক স্বায়ত্তশাসন দিয়ে যুক্তরাষ্ট্রীয় সরকার গঠন।
সঠিক উত্তর : গ.

**০৩. জমিদারি প্রথা বিলুপ্ত হয়-**
ক. ১৯৪৭ সালে খ. ১৯৫০ সালে
গ. ১৯৫২ সালে ঘ. ১৯৬৪ সালে

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০০৯-২০১০) এর বাংলাদেশ বিষয়াবলীর (২৫) নং দেখ।
সঠিক উত্তর : খ.

**০৪. ঢাকা শহরের গোড়াপত্তন হয়-**
ক. ব্রিটিশ আমলে খ. সুলতানি আমলে
গ. মুঘল আমলে ঘ. স্বাধীন নবাবী আমলে

ব্যাখ্যা: মুঘল সম্রাট জাহাঙ্গীর এর আমলে বাংলার সুবেদার ইসলাম খান ঢাকাকে বাংলার রাজধানী ঘোষনা করার মাধ্যমে ঢাকা শহরের গোড়াপত্তন করেন।
সঠিক উত্তর : গ.

**০৫. 'শাড়ি' শব্দের উৎস-**
ক. সংস্কৃত 'শাটী' খ. প্রাকৃত 'শাকি'
গ. মাগধী 'সারি' ঘ. গৌড়ী 'শাড়ি'

সঠিক উত্তর : ক.

**০৬. 'গ্রামবার্তা প্রকাশিকা' প্রকাশ করেছিলেন-**
ক. রাজা রামমোহন রায় খ. দীনবন্ধু মিত্র
গ. মাইকেল মধুসূদন দত্ত ঘ. কাঙ্গাল হরিণাথ

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০০৮-২০০৯) এর বাংলাদেশ বিষয়াবলীর (১৮) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

**০৭. বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম ইউরোপীয় রাষ্ট্র-**
ক. জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্র খ. পোল্যান্ড
গ. ইতালি ঘ. ফ্রান্স

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৬) নং দেখ।
সঠিক উত্তর : ক.

**০৮. 'সংগ্রাম' চিত্রকর্মের শিল্পী-**
ক. এস এম সুলতান খ. জয়নুল আবেদীন
গ. কামরুল হাসান ঘ. যামিনী রায়

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলীর (২৪) নং দেখ।
সঠিক উত্তর : খ.

**০৯. বাংলা নববর্ষ 'পহেলা বৈশাখ' চালু করেছিলেন-**
ক. লক্ষ্মণ সেন খ. বিজয় সেন গ. সম্রাট আকবর ঘ. সম্রাট শাহজাহান

ব্যাখ্যা: • সম্রাট আকবর বাংলা সন প্রবর্তন করেন ১৫৮৪ খ্রিষ্টাব্দে।
• বাংলা সন গননা শুরু হয় ১৫৫৬ খ্রিস্টাব্দ থেকে।
• বাংলা বর্ষ পঞ্জির নাম ছিল - তারিখ-ই-ইলাহি।
সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১০. অবিভক্ত বাংলার সর্বশেষ গভর্নর ছিলেন-
ক. স্যার জন হার্বার্ট খ. এণ্ডারসন
গ. স্যার এফ বারোজ ঘ. আর জি কেসি

ব্যাখ্যা: অবিভক্ত বাংলার প্রথম গভর্নর - কারমাইকেল
অবিভক্ত বাংলার সর্বশেষ গভর্নর - স্যার ফেডরিক বারোস
সঠিক উত্তর : গ.

১১. বাংলাদেশের প্রথম প্রধান নির্বাচন কমিশনার-
ক. বিচারপতি সাদেক খ. এম ইদ্রিস
গ. এটিএম মাসউদ ঘ. বিচারপতি সাত্তার

ব্যাখ্যা: • বাংলাদেশের প্রথম নির্বাচন কমিশনার - এম ইদ্রিস।
• সর্বশেষ (১১) তম নির্বাচন কমিশনার - কাজী রাকিব।
সঠিক উত্তর : খ.

১২. প্রস্তাবিত পদ্মা সেতুর দৈর্ঘ্য-
ক. ৫.০৩ কি.মি. খ. ৬.০৩ কি.মি
গ. ৪.০৮ কি.মি ঘ. ৬.০৮ কি.মি

ব্যাখ্যা: প্রস্তাবিত পদ্মা সেতু -
• মূল সেতুর দৈর্ঘ্য - ৬.১৫ কিঃ মিঃ
• ভূমিকম্প সহনশীলতা রিখটার স্কেলে ৯।
• অবস্থান - মাওয়া (মুন্সীগঞ্জ); এবং জাজিরা (শরিয়তপুর)
সঠিক উত্তর : নেই.

১৩. ২০০৬-০৭ অর্থ বছরে বাংলাদেশের জাতীয় বাজেটের আকার-
ক. ৬৪,৭৪০ কোটি টাকা খ. ৭০,৭৪০ কোটি টাকা
গ. ৬৮,৭৪০ কোটি টাকা ঘ. ৬৯,৭৪০ কোটি টাকা

ব্যাখ্যা: ২০১৫-২০১৬ অর্থবছরে মোট বাজেট - ৩,৪১,১০০ কোটি টাকা।
সঠিক উত্তর : গ.

১৪. মুক্তিযুদ্ধের সময় 'মুজিবনগর' কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল?
ক. ২ নং সেক্টর খ. ৮ নং সেক্টর
গ. ১০ নং সেক্টর ঘ. ১১ নং সেক্টর

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০০৮-২০০৯) এর বাংলাদেশ বিষয়াবলীর (১০) নং দেখ।
সঠিক উত্তর : খ.

১৫. চিন্তা ও বিবেকের স্বাধীনতার বিষয়টি আমাদের সংবিধানের কোন অনুচ্ছেদে বর্ণিত?
ক. ২৭ খ. ৩০
গ. ৩৯ ঘ. ৪০

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০০৮-২০০৯) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৯) নং দেখ।
সঠিক উত্তর : গ.

১৬. 'সমাচার দর্পন' প্রকাশিত হয়-
ক. ১৮১৮ সালে খ. ১৮১৯ সালে
গ. ১৮২০ সালে ঘ. ১৮২১ সালে

ব্যাখ্যা: বিস্তারিত: ঘ (২০১১-২০১২) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৮) নং দেখ।
সঠিক উত্তর : ক.

১৭. বাংলাদেশে অর্গানিক চা উৎপাদন শুরু হয়েছে-
ক. পঞ্চগড়ে খ. রাজশাহীতে
গ. মৌলভীবাজারে ঘ. সিলেটে

ব্যাখ্যা: • বাংলাদেশ প্রথম চা বাগান প্রতিষ্ঠা হয় - চট্টগ্রামে (১৮৪০ সালে)
•প্রথম বাণিজ্যিক চা বাগান প্রতিষ্ঠা হয় - সিলেটের মালনিছড়া (১৮৫৭ সালে)
•বাংলাদেশের দ্বিতীয় অর্থকরী ফসল - চা।
•মোট চা বাগান - ১৬৩ টি।
•প্রথম অর্গানিক চা উৎপাদন - ২০০০ সালে (কাজী এন্ড কাজী কো.)।
•চা জাদুঘর - শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
•চা গবেষনা কেন্দ্র - শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সঠিক উত্তর : ক.

১৮. 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' গ্রন্থটির রচয়িতা-
ক. ড. মুহাম্মদ শহীদুল্লাহ খ. আবুল মনসুর আহমদ
গ. আবুল ফজল ঘ. আবুল কালাম শামসুদ্দীন

ব্যাখ্যা: আবুল মনসুর আহমদ একাধারে রাজনীতিবিদ, সাংবাদিক এবং লেখক ছিলেন।
•তিনি ১৯৫৪ সালে যুক্তফ্রন্ট সরকারের শিক্ষামন্ত্রী ছিলেন।
•তিনি নবযুগ, ইত্তেহাদ, মোহাম্মদী সহ অনেক বিখ্যাত পত্রিকায় কাজ করেছিলেন।
•আবুল মনসুর আহমদ এর -
উপন্যাস - সত্য-মিথ্যা, জীবন ক্ষুধা, আবে হায়াৎ।
ব্যাঙ্গরচনা - আয়না, ফুড কনফারেন্স, গালিভারের সফর নামা, আসমানী পর্দা
জীবনস্মৃতি - আত্মকথা, আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর, শেরে-বাংলা থেকে বঙ্গবন্ধু।
সঠিক উত্তর : খ.

১৯. যে নদীটির উৎস ও সমাপ্তি বাংলাদেশের অভ্যন্তরে-
ক. মাতামুহুরী খ. নাফ গ. কর্ণফুলী ঘ. সাঙ্গু

ব্যাখ্যা: বাংলাদেশের জলসীমার উৎপন্ন ও সমাপ্ত নদী ২টি।
যথা - হালদা ও সাঙ্গু
সঠিক উত্তর : ঘ.

২০. পুরুষতান্ত্রিক আদিবাসী গোষ্ঠী-
ক. গারো খ. মারমা গ. চাকমা ঘ. সাঁওতাল

ব্যাখ্যা: খাসিয়া ও মারমা সম্প্রদায় মাতৃতান্ত্রিক, বাকী সব সম্প্রদায় পিতৃতান্ত্রিক।
সঠিক উত্তর : ক, গ, ঘ.

২১. ইকোনমিক ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক সম্প্রতি প্রকাশিত গণতন্ত্র সূচকে বাংলাদেশের অবস্থান-
ক. ৩৫ তম খ. ৫০ তম
গ. ৭৫ তম ঘ. ১৫০ তম

ব্যাখ্যা: ২০০৮ সালে ইকোনমিক ইন্টিলিভেন্সে ইউনিট কর্তৃক প্রকাশিত গনতন্ত্র সূচকে বাংলাদেশের অবস্থান ৯১তম।
সঠিক উত্তর : নেই.

২২. কাগমারি সম্মেলন অনুষ্ঠিত হয়-
ক. রোজ গার্ডেনে খ. সিরাজগঞ্জে
গ. সন্তোষে ঘ. সুনামগঞ্জে

ব্যাখ্যা: বিস্তারিত:ঢাবি (২০০৭-২০০৮) এর বাংলাদেশ বিষয়াবলীর (২০) নং দেখ।
সঠিক উত্তর : গ.

২৩. বাংলাদেশে পোস্টাল কোড চালু হয়-
ক. ১৯৮৬ সালে খ. ১৯৮৫ সালে
গ. ১৯৭৫ সালে ঘ. ১৯৮০ সালে

ব্যাখ্যা: • বাংলাদেশের পোস্টাল মিউজিয়াম - ঢাকার জিপিওতে।
• বাংলাদেশের একমাত্র পোস্টাল একাডেমি - রাজশাহীতে (১৯৮৬)।
• প্রথম ডাকটিকেট প্রকাশিত হয় - ২৯ জুলাই ১৯৭১, মুজিবনগর সরকারের আমলে।
• পোস্টাল ক্যাশ ব্যবহার করে ATM বুথ থেকে টাকা উত্তোলন শুরু হয় ৬ জুলাই ২০১৩।
সঠিক উত্তর : ক.

২৪. বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশন-
ক. মফিজউদ্দিন কমিশন খ. শামসুল হক কমিশন
গ. মাজেদ খান কমিশন ঘ. কুদরত-ই-খুদা কমিশন

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০১০-২০১১) এর বাংলাদেশ বিষয়াবলীর (২১) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

২৫. বাংলা একাডেমী প্রতিষ্ঠিত হয়-
ক. ১৯৪৮ সালে খ. ১৯৫২ সালে
গ. ১৯৫৫ সালে ঘ. ১৯৬২ সালে

ব্যাখ্যা: বাংলা একাডেমি প্রতিষ্ঠা হয় - ৩ ডিসেম্বর ১৯৫৫ সালে।
• বাংলা একাডেমির পূর্বনাম - বর্ধমান হাউস।
• ভাষা আন্দোলনের ফলে বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয়।
• প্রথম সভাপতি - মাওলানা আকরাম খাঁ।
• প্রথম পরিচালক - ড. মুহাম্মদ এনামুল হক।
• ১৫ সেপ্টেম্বর ২০১৩ জাতীয় সংসদে "বাংলা একাডেমি আইন ২০১৩" পাশ হয়। যার ফলে "বাংলা একাডেমী" নবরূপে "বাংলা একাডেমি" তে রূপান্তরিত হয়।
• বাংলা একাডেমি এর অভিধা - জাতির মননের প্রতীক
সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## আন্তর্জাতিক বিষয়াবলি

০১. ২০০৬ সনে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন-
ক. এডমন্ড ফেল্পস খ. জোসেফ স্টিগলিটস
গ. পল রবিন ঘ. পল স্যামুয়েলসন

সঠিক উত্তর : ক.

০২. মার্কিন যুক্তরাষ্ট্রে ডেমোক্রেটরা কংগ্রেসে ক্ষমতা ফিরে পেল-
ক. ১০ বছর পর খ. ১১ বছর পর
গ. ১২ বছর পর ঘ. ১৩ বছর পর

ব্যাখ্যাঃ
- ১৭৯০ সালে টমাস জেফারসন ডেমোক্রেট রাজনৈতিক দল প্রতিষ্ঠা করেন।
- বারাক ওবামার পূর্বে ডেমোক্রেট প্রেসিডেন্ট ছিলেন বিল ক্লিনটন।
- ডেনক্রেটদের নির্বাচনী প্রতিক "গাধা"।

সঠিক উত্তর : গ.

০৩. কোন প্রণালি আফ্রিকা মহাদেশকে ইউরোপ থেকে পৃথক করেছে?
ক. মালাক্কা খ. জিব্রাল্টার
গ. পক ঘ. পানামা

ব্যাখ্যাঃ

| নাম | পৃথক করেছে | সংযুক্ত করেছে |
|---|---|---|
| জিব্রাল্টার প্রণালী | আফ্রিকা-ইউরোপ | উত্তর আটলান্টিক-ভূমধ্যসাগর |
| পক প্রণালী | ভারত-শ্রীলংকা | ভারত মহাসাগর-আরব সাগর |
| মালক্কা প্রনালী | সুমাত্রা-মালয়েশিয়া | বঙ্গোপসাগর-জাভা সাগর |
| বেরিং প্রণালী | এশিয়া-উত্তর আমেরিকা | উত্তর সাগর-বেরিং সাগর |
| ডোভার প্রণালী | ফ্রান্স-বৃটেন | ইংলিশ চ্যানেল-উত্তর সাগর |
| বসফরাস প্রণালী | এশিয়া-ইউরোপ | মর্মর সাগর-কৃষ্ণ সাগর |
| বাব-এল-মানদেব | এশিয়া-আফ্রিকা | এডেন সাগর-লোহিত সাগর |
| ইংলিশ চ্যানেল | বৃটেন-ফ্রান্স | আটলান্টিক মহাসাগর-উত্তর সাগর |
| হরমুজ প্রণালী | আরব-ইরান | পারস্য উপসাগর-ওমান উপসাগর |
| দার্দানেলিস প্রণালী | এশিয়া-ইউরোপ | এজিয়ান সাগর-মরমর সাগর |

সঠিক উত্তর : খ.

০৪. ২৬ বছর পর সম্প্রতি কূটনৈতিক সম্পর্ক পুনঃস্থাপিত করেছে-
ক. ইরান ও সৌদী আরব খ. ইরান ও ইরাক
গ. ইরাক ও সিরিয়া ঘ. সিরিয়া ও ইরান

সঠিক উত্তর : গ.

০৫. খ্রিস্টান ক্যাথলিক চার্চের বর্তমান প্রধান-
ক. দ্বিতীয় জন পল খ. চতুর্থ জন পল
গ. ষোড়শ বেনেডিক্ট ঘ. সপ্তদশ বেনেডিক্ট

ব্যাখ্যাঃ ক্যাথলিক চার্চের বর্তমান প্রধান - পোপ ফ্রান্সিস
- পোপ ফ্রান্সিসের জন্ম - আর্জেন্টিনায়।

সঠিক উত্তর : নেই.

০৬. সুদান বর্তমানে যে বিষয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের চাপের মধ্যে রয়েছে-
ক. আণবিক অস্ত্র কর্মসূচী খ. সামরিক শাসন
গ. দারফুর সংকট ঘ. আন্তর্জাতিক সন্ত্রাসীদের সঙ্গে যোগসূত্র

সঠিক উত্তর : গ.

০৭. ইউরোপীয় ইউনিয়ন বর্তমানে সদস্য সংখ্যা-
ক. ২২ খ. ২৫
গ. ২৭ ঘ. ৩০

ব্যাখ্যাঃ • ইউরোপীয় ইউনিয়ন প্রতিষ্ঠিত হয় - ১ জানুয়ারী ১৯৯৩।
- বর্তমান সদস্য সংখ্যা - ২৮ টি (সর্বশেষ ক্রোয়েশিয়া)

সঠিক উত্তর : গ.

০৮. 'I Have a Dream' শীর্ষক বিখ্যাত ভাষণটি প্রদান করেন-
ক. মার্টিন লুথার কিং খ. নেলসন ম্যান্ডেলা
গ. মহাত্মা গান্ধী ঘ. মোহাম্মদ আলী জিন্নাহ

ব্যাখ্যাঃ বিস্তারিতঃঢাবি (২০১২-২০১৩) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (২৩) নং দেখ।

সঠিক উত্তর : ক.

০৯. মাইক্রোসফটের নতুন অপারেটিং সিস্টেমের নাম-
ক. উইন্ডোজ এক্সপি খ. উইন্ডোজ ২০০৫
গ. উইন্ডোজ ভিসতা ঘ. উইন্ডোজ প্রফেশনাল

ব্যাখ্যাঃ মাইক্রোসফট এর সর্বশেষ অপারেটিং সিস্টেম উইন্ডোজ - ৮।

সঠিক উত্তর : নেই.

১০. বিশ্বের বৃহত্তম বইমেলা অনুষ্ঠিত হয়-
ক. কলকাতা খ. ফ্রাঙ্কফুট
গ. লন্ডন ঘ. নিউইয়র্ক

ব্যাখ্যাঃ বিশ্বের বৃহত্তম বইমেলা অনুষ্ঠিত হয় - জার্মানির - ফ্রাঙ্কফুর্টে।
- ফ্রাঙ্কফুর্টে ১৯৫১ সালে প্রথম বইমেলা অনুষ্ঠিত হয়।

সঠিক উত্তর : খ.

১১. সুইজারল্যান্ড জাতিসংঘের সদস্যপদ লাভ করে-
ক. ১৯৯২ সালে খ. ১৯৯৪ সালে
গ. ২০০০ সালে ঘ. ২০০২ সালে

সঠিক উত্তর : ঘ.

১২. দানিয়েল ওর্তেগা কোন দেশের রাষ্ট্রপ্রধান নির্বাচিত হয়েছেন-?
ক. বলিভিয়া খ. ব্রাজিল
গ. নিকারাগুয়া ঘ. পেরু

ব্যাখ্যাঃ
- দানিয়েল ওর্তেগা ১০ জানুয়ারী ২০০৭ থেকে নিকারাগুয়া এর রাষ্ট্রপতি।
- নিকারাগুয়া উত্তর আমেরিকা মহাদেশের একটি দেশ।

সঠিক উত্তর : গ.

১৩. দাবা খেলার উৎপত্তি হয়েছে-
ক. ভারত খ. চীন
গ. রাশিয়া ঘ. সুইডেন

ব্যাখ্যাঃ বিভিন্ন খেলার উৎপত্তি-

| খেলার নাম | উৎপত্তিস্থল | খেলার নাম | উৎপত্তিস্থল |
|---|---|---|---|
| হকি | মিশর | ক্রিকেট, ব্যাডমিন্টন | ইংল্যান্ড |
| অলিম্পিক | গ্রীস | লন টেনিস | ইংল্যান্ড |
| বাস্কেটবল, ভলিবল | আমেরিকা | দাবা, কাবাডি | ভারত |

সঠিক উত্তর : ক.

১৪. লাইব্রেরি অব কংগ্রেস অবস্থিত-
ক. লন্ডন খ. প্যারিস
গ. ওয়াশিংটন ডিসি ঘ. আমস্টার্ডাম

ব্যাখ্যাঃ • বিশ্বের বৃহত্তম লাইব্রেরী - লাইব্রেরী অব কংগ্রেস।
- ১৮০০ সালে প্রতিষ্ঠিত, ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্রে অবস্থিত।

সঠিক উত্তর : গ.

১৫. আফগানিস্তানের বিরুদ্ধে সামরিক অভিযানের সাংকেতিক নাম-
ক. অপারেশন দি এঞ্জেল খ. অপারেশন ওভারলোড
গ. অপারেশন এনডওরিং ফ্রিডম ঘ. অপারেশন সার্চলাইট

সঠিক উত্তর : গ.

১৬. দ্য ভিঞ্চি কোড উপন্যাসের রচয়িতা-
ক. শেক্সপিয়ার খ. উইলিয়াম ফকনার
গ. আয়ান ফ্রেমিং ঘ. ড্যান ব্রাউন

ব্যাখ্যাঃ • ড্যান ব্রাউন বিখ্যাত মার্কিন লেখক।
উল্লেখযোগ্য গ্রন্থ - The Da Vinci Code, The Lost Symbol, Deception Point, Inferno.

সঠিক উত্তর : ঘ.

১৭. কোন ফুটবল খেলোয়াড়ের ছবি প্রথম বারের মতো তার দেশের কাগজী মুদ্রায় ছাপা হয়েছে?
ক. দিয়াগো ম্যারাডোনা খ. জর্জ বেস্ট
গ. ডেবিট বেকহ্যাম ঘ. জিনেদিন জিদান

সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৮. সাত পাহাড়ের শহর বলা হয়-
ক. মিসিসিপিকে খ. কাঠমন্ডুকে গ. রোমকে ঘ. কার্বনডেলকে

ব্যাখ্যাঃ

| উপনাম | দেশের নাম | উপনাম | দেশের নাম |
|---|---|---|---|
| ভাটির দেশ | বাংলাদেশ | সাত পাহাড়ের শহর | রোম |
| বিশ্বের রুটির ঝুড়ি | উত্তর আমেরিকার প্রেইরি | ইউরোপের ককপিট | বেলজিয়াম |
| চির বসন্তের নগরী | কিটো ইকুয়েডর | সমুদ্রের বধূ | গ্রেট ব্রিটেন |
| পৃথিবীর কসাইখানা | শিকাগো | সাদা হাতির দেশ | থাইল্যান্ড |
| চিনির দেশ | কিউবা | সূর্যোদয়ের দেশ | জাপান |
| ম্যাপল পাতার দেশ | কানাডা | ভূমিকম্পের দেশ | জাপান |
| স্বর্ণ নগরী | জোহানেসবার্গ | বজ্রপাতের দেশ | নেপাল |
| বাজারের শহর | কায়রো | ইউরোপের রুগ্ন মানুষ | তুরস্ক |
| আগুনের দ্বীপ | আইসল্যান্ড | মুক্তার দেশ | বাহরাইন |
| হাজার হ্রদের দেশ | ফিনল্যান্ড | ভূ-স্বর্গ | কাশ্মীর |
| নিশীথ সূর্যের দেশ | নরওয়ে | গোলাপী শহর | রাজস্থান |
| চির শান্তির শহর | রোম | পঞ্চনদের দেশ | পাঞ্জাব |

সঠিক উত্তর : গ.

১৯. বিশ্ববাণিজ্য সংস্থায় সর্বশেষ যোগদানকারী রাষ্ট্র-
ক. চীন খ. সৌদি আরব
গ. আফগানিস্তান ঘ. উজবেকিস্তান

ব্যাখ্যাঃ বিস্তারিত: ঢাবি (২০০৮-২০০৯) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৪) নং দেখ।
সঠিক উত্তর : নেই.

২০. আফগান প্রেসিডেন্ট হামিদ কারজাই হলেন-
ক. পশতুন খ. হাজারা গ. তাজিক ঘ. উজবেক

সঠিক উত্তর : ক.

২১. ২০০৬ সালের ন্যাম সম্মেলন অনুষ্ঠিত হয়-
ক. নয়া দিল্লি খ. ইসলামাবাদ গ. হাভানা ঘ. বেলগ্রেড

ব্যাখ্যাঃ NAM - Non-Aligned Movement.
- ১৯৬১ সালে, বেলগ্রেড সম্মেলনের মধ্য দিয়ে NAM আনুষ্ঠানিকভাবে গঠিত হয়।
- ২০১৫ সালে সপ্তাদশ ন্যাম সম্মেলন অনুষ্ঠিত হবে ভেনেজুয়েলার রাজধানী কারাকাসে।

সঠিক উত্তর : গ.

২২. বিশ্ব এইডস দিবস পালিত হয়-
ক. ১ সেপ্টেম্বর খ. ৩১ অক্টোবর গ. ১ ডিসেম্বর ঘ. ১৯ ডিসেম্বর

ব্যাখ্যাঃ বিস্তারিত: ঢাবি (২০১১-২০১২) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (০৮) নং দেখ।
সঠিক উত্তর : গ.

২৩. আফ্রিকা মহাদেশের কোন অঞ্চলে সেনেগাল অবস্থিত?
ক. পশ্চিম খ. দক্ষিণ গ. উত্তর ঘ. পূর্ব

ব্যাখ্যাঃ **পূর্ব আফ্রিকা** - ইথিওপিয়া, কেনিয়া, সোমালিয়া, জিম্বাবুয়ে
**মধ্য আফ্রিকা** - ক্যামেরুন, কঙ্গো প্রজাতন্ত্র, অ্যাঙ্গোলা
**উত্তর আফ্রিকা** - আলজেরিয়া, মিশর, লিবিয়া, সুদান, মরক্কো
**দক্ষিণ আফ্রিকা** - দক্ষিণ আফ্রিকা, বতসোয়ানা, নামিবিয়া
**পশ্চিম আফ্রিকা** - ঘানা, লাইবেরিয়া, সেনেগাল, আইভরি কোস্ট, মালি

সঠিক উত্তর : ক.

২৪. 'সাইনিং পাথ' হচ্ছে-
ক. পেরুর গেরিলা সংগঠন খ. নেপালের গেরিলা সংগঠন
গ. নিকারাগুয়ার রাজনৈতিক দল ঘ. হন্ডুরাসের রাজনৈতিক দল

ব্যাখ্যাঃ বিস্তারিত: ঢাবি (২০০৮-২০০৯) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (১৮) নং দেখ।
সঠিক উত্তর : ক.

২৫. যুক্তরাজ্যের অর্থমন্ত্রীর সরকারি পদবি-
ক. চ্যান্সেলার অব এক্সচেকার খ. লর্ড প্রিভি সিল
গ. সেক্রেটারি অব ট্রেজারি ঘ. চিফ অব ফিন্যান্স

ব্যাখ্যাঃ
- যুক্তরাজ্যের অর্থমন্ত্রীর পদবি - চ্যান্সেলার অব এক্সচেকার।
- যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রীর উপাধি - সেক্রেটারি অব স্টেট ফরেন অ্যান্ড কমনওয়েলথ অ্যাফেয়ার্স।
- মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থমন্ত্রীর উপাধি - সেক্রেটারী অব ট্রেজারি।

সঠিক উত্তর : ক.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০০৫-২০০৬

### বাংলা

০১. কোন শব্দটি সংস্কৃত-ফারসির মিশ্রণ
ক. হাসিমুখ খ. হাসিঠাট্টা গ. হাসিতামাশা ঘ. হাসিখুশি

ব্যাখ্যাঃ সংস্কৃত + ফারসি - হাসিখুশি, শাকসবজি ,রাজা-বাদশা।
আরবি + ফারসি - ওয়াকিবহাল, খয়রাতি, খয়ের খা, ফৌজদারী, লেফাফা-দুরস্ত, তাজমহল।
ফারসি + আরবি-আবহাওয়া, কুচকাওয়াজ, খোশমেজাজ, দস্তখত, গরম মশলা
ইংরেজী + বাংলা - খ্রিস্টাব্দ
ইংরেজী + সংস্কৃত - হেড-পন্ডিত
আরবি + তৎসম - আইনজীবী
সঠিক উত্তর : ঘ.

০২. বাংলা ভাষায় অসমাপিকা ক্রিয়ার রূপ
ক. তিনটি খ. চারটি গ. পাঁচটি ঘ. ছয়টি

ব্যাখ্যাঃ অসমাপিকা ক্রিয়াঘটিত বাক্যে তিন ধরনের কর্তা (কর্তৃকারকে) দেখা যায়-
এক কর্তা- তুমি কাজ পেলে আর কি বাড়ি আসবে?
অসমান কর্তা-আমি তাকে যেতে বললে সে যাবে।
শর্তাধীন কর্তা- তোমরা বাড়ি এলে আমি রওয়ানা হব।
নিরপেক্ষ কর্তা-সূর্য অস্তমিত হলে যাত্রীদল পথ চলা শুরু করল।
সঠিক উত্তর : ক.

০৩. সেমিকোলনের বাংলা
ক. অর্ধচ্ছেদ খ. পূর্ণচ্ছেদ গ. আংশিকচ্ছেদ ঘ. বাক্যচ্ছেদ

ব্যাখ্যাঃ কমা বা পাদচ্ছেদ (,)
সেমিকোলন বা অর্ধচ্ছেদ (;)
দাড়ি বা পূর্ণচ্ছেদ (।)
সঠিক উত্তর : ক.

০৪. 'Thesaurus' এর পরিভাষা-
ক. কোষগ্রন্থ খ. অভিধান
গ. সমার্থ শব্দকোষ ঘ. বিশ্বকোষ

ব্যাখ্যাঃ Thesaurus-সমার্থক শব্দকোষ
Aesthetics - নন্দনতত্ত্ব, Affiliation - সম্বন্ধীকরণ
Allegation - অভিযোগ, Allotment - বরাদ্দ
Alternate - একান্তর
সঠিক উত্তর : গ.

০৫. 'গড্ডালিকা প্রবাহে গা ভাসিয়ে দেয়ার মধ্যে নৈপুন্যও নেই এবং তাতে মানষিক বিকাশও ব্যবহত হইয়া থাকে।' - সাধু পদ্ধতিতে লিখতে বাক্যটিতে কয়টি ভুল হয়েছে?
ক. পাঁচ খ. ছয় গ. সাত ঘ. আট

ব্যাখ্যাঃ উপরোক্ত বাক্যে আটটি ভুল আছে, শুদ্ধরূপ-গড্ডলিকা, ভাসাইয়া, দেওয়ার, নৈপুণ্যও, নাই, তাহাতে, মানসিক, ব্যাহত।
সঠিক উত্তর : ঘ.

০৬. 'বাংলাদেশ' কবিতায় কোন ধানের উল্লেখ আছে?
ক. আউশ ধান খ. বোরো ধান গ. আমন ধান ঘ. শালি ধান

ব্যাখ্যাঃ বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

০৭. 'চেয়ে দেখি, সমুদ্রগভীর জনতা ধীরে ধীরে চলতে শুরু করেছে।' - বাক্যটির রচয়িতা কে?
ক. কাজী নজরুল ইসলাম খ. জহির রায়হান
গ. সৈয়দ ওয়ালীউল্লাহ ঘ. শওকত ওসমান

ব্যাখ্যাঃ বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

০৮. 'সুত' শব্দের অর্থ
ক. পুত্র খ. সূত্র গ. সারথি ঘ. পবিত্র

ব্যাখ্যাঃ সুত-পুত্র সূত-জাত, উৎপন্ন, সারথি
সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার